



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৪৫৩

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৭


১৩ মে ২০২০

- বিষয়: মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ৬০০ মে. টন ঢালা গমের চলাচল উপসূচি।
- সূত্র: ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৪/০৫/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৪১৫ নং স্মারক।
- ২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১০/০৫/২০২০ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৭.৫০.০০৪.১৮.১৩৮৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ৯৬০০ মে.টন ঢালা গম নৌপথে মেজর ক্যারিয়ার, খুলনা ও ডিবিবিসি (খু-ব) বুটের কর্মরত নৌ পরিবহণ ঠিকাদারি প্রতিষ্ঠানের নামে ক্রমানুযায়ী চলাচল উপসূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্থ ২ নং স্মারকে উল্লেখ করা হয়েছে, মেসার্স কিং ফিশার কেরিং সার্ভিস, এমসিকে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নদীপথে ৬০০ মে.টন ঢালা গমের সূচি জারি করা হয়। কিন্তু সূচিপ্ৰাপ্ত ঠিকাদার তালিকাভুক্ত নৌযান মেরামতের জন্য ডক ইয়ার্ডে থাকায় সূচিকৃত গম পরিবহণে অপারগতা প্রকাশ করেছেন। অপরদিকে আগ্রহী ঠিকাদার হিসেবে একই মালিকানাধীন প্রতিষ্ঠান মেসার্স সোনারগাঁ শিপিং লাইন্স, ডিবিবিসি উক্ত সূচির ৬০০ মে.টন গম পরিবহণ আগ্রহ প্রকাশ করেছেন। একই মালিকানাধীন ঠিকাদারি প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে উল্লেখ্য যে, সূচির মেয়াদ থাকাকালীন সময়ে কোন ঠিকাদার অপারগতা প্রকাশ করলে ক্ষেত্রে ক্রমানুসারে পরবর্তী ঠিকাদারের নিকট সূচি জারি করা হয়ে থাকে।

এমতাবস্থায়, মেসার্স কিং ফিশার কেরিং সার্ভিস এর নৌযান ডক ইয়ার্ডে থাকায় সূচিকৃত ঢালা গম পরিবহণে অপারগতা প্রকাশ করায় পরবর্তী ক্রমানুযায়ী মেসার্স সুবর্ণা পরিবহণ (প্রাঃ) লিঃ মেজর ক্যারিয়ার, খুলনা ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ৬০০ মে.টন ঢালা গমের চলাচল উপসূচি নির্দেশক্রমে জারি করা হলো। ডক ইয়ার্ড থেকে মেরামত করে জাহাজ সচল করার পূর্ব পর্যন্ত মেসার্স কিং ফিশার কেরিং সার্ভিস, এমসি ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে সূচি জারি স্থগিত থাকবে। উল্লেখ্য যে, জারিকৃত সূচির পরিবহণের ক্ষেত্রে পালনীয় শর্তসমূহ ও নির্দেশনাবলি অপরিবর্তিত থাকবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৩-৫-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ২) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট।
- ৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), খুলনা।


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৪৫৩/১(১০)

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৭

১৩ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক,, ।
- ১০) মেসার্স, মেজর ক্যারিয়ার, খুলনা, নৌ পরিবহণ ঠিকাদার।



১৩-৫-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক